



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং- বিঅ-৬/২০২

তারিখ : ১৬-০১-২০২২ খ্রি.

বিষয় : বিজ্ঞান শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে


- সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ ১১/-৫/৯৭/(অংশ)/৬৭৬(৭) শিক্ষা, তারিখ : ২৫-৮-৯৮ খ্রি.  
খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শাঃ ৯/৬-৩/৯৮/(অংশ-১)/৬৪৫(৮) শিক্ষা, তারিখ : ০৬-৯-২০০১ খ্রি.  
গ) প্রধান শিক্ষকের ০৫-১০-২০২০ ও ১২-১১-২০২০ খ্রি. তারিখে আবেদন (আইডি নং- ২৫০৪ ও ৩০৩৭)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী নীতিমালার আলোকে বিজ্ঞান শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা খোলার প্রাথমিক শর্তসমূহ পূরণ হওয়ায় নিম্নে আরোপিত শর্তে আপনার বিদ্যালয়ে ০১-০১-২০২১ খ্রি. তারিখ হতে ৯ম শ্রেণিতে এবং ০১-০১-২০২২ খ্রি. তারিখ হতে ১০ম শ্রেণিতে বিজ্ঞান শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

- আগামী শিক্ষাবর্ষে বিজ্ঞান শাখা ও ব্যবসায় শিক্ষা শাখায় কাম্য পরিমাণ শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকৃত শিক্ষকের বেতন-ভাতা সরকারি বেতনক্রম অনুসারে বিদ্যালয় কর্তৃপক্ষ প্রদান করবে।
- শিক্ষার্থীদের প্রতিদিনের উপস্থিতিসহ বিদ্যালয়ের সকল তথ্য ওয়েবসাইটে প্রদান করতে হবে।
- বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষা বিষয়ে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- সকল শিক্ষককে কম্পিউটার পরিচালনার প্রাথমিক জ্ঞান অর্জন করতে হবে।
- বিদ্যালয়ের পাঠাগারে বিজ্ঞান শাখা বই ও বৈজ্ঞানিক যন্ত্রপাতির সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- কম্পিউটার শিক্ষা বিষয়ক শিক্ষককে বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- বিজ্ঞান শাখা ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষককে আরও বিশেষ বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- মানসম্মত বিজ্ঞানাগার তৈরি করতে হবে।

প্রধান শিক্ষক  
বাংলাদেশ নৌ বাহিনী স্কুল এন্ড কলেজ (১৩৬৭৫২)  
ডাকঘর : দিগরাজ, উপজেলা : মংলা, জেলা : বাগেরহাট


  
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং- বিঅ-৬/২০২

তারিখ : ১৬-০১-২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মংলা, বাগেরহাট।
- উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সংরক্ষণ নথি।

  
১৬-০১-২০২২  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
